দৈনিক ইত্তেফাক

APR.

তারিখ ...

পৃঃ ২ কলাম ৩

# ছাত্র ইউনিয়নের ৫০ বছর পূর্তি উপলক্ষে পুনর্মিলনী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্র ইউনিয়নের ৫০ বছর পূর্তি উপলক্ষে শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি ক্যাফেটেরিয়াতে পুনর্মিলনীতে সংগঠনের সাবেক নেতৃবৃন্দ অরাজকতামুক্ত বাংলাদেশ গড়তে ছাত্র ইউনিয়ন পরিবারকে সকল বিভেদ ভুলে আবার ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়েছেন। সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণের মধ্যে দিয়ে সুবর্ণ জয়ন্তীর দু'দিনব্যাপী অনুষ্ঠান শুরু হয়। বিকেলে পুনর্মিলনী অনুষ্ঠানে ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি ও ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেন, যে বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে ছাত্র ইউনিয়ন করেছি সেভাবে দেশ গড়তে পারিনি। দেশে বর্তমানে অরাজকতা বৃদ্ধি পেয়েছে। সংগঠনের বর্তমান সভাপতি শরীফুজ্জামান শরিফের সভাপতিত্বে পুনর্মিলনী অনুষ্ঠানে স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতাদের মধ্যে মোজাহিদুল ইসলাম সেলিম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভাষাসৈনিক আব্দুল মতিন, জয়নাল আবেদিন, আব্দুল কাইয়ুম, এ এ রাশেদা, সাজ্জাদ জহির চন্দন, মনিরা আক্তার প্রমুখ। সুবর্ণ জয়ন্তীতে ছাত্র ইউনিয়নের শ্লোগান ছিল–'আমাদের অবিরাম শ্রমে আর ফসলে ফোটাবোই স্বদেশের মুখে গান।'